চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম ।

আগামীকাল পতেঙ্গা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ এর ভিত্তি প্রস্তর স্থাপন করবেন মেয়র

চট্টগ্রাম- ২৪ সেপ্টেম্বর ২০১৮

আগামীকাল সোমবার সকাল ১১ টায় পতেঙ্গা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ (কাম সাইক্লোন শেল্টার)এর ভিত্তি প্রস্তর স্থাপন করা হবে । এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন । উক্ত অনুষ্ঠানে সংশ্লিস্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

চট্টগ্রাম- ২৪ সেপ্টেম্বর ২০১৮

নগরীর সাগরিকা রোডে অবৈধ দোকানপাট উচ্ছেদ করলো চসিক ভ্রাম্যমান আদালত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে আজ সোমবার সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে নগরীর পাহাড়তলী থানাধীন সাগরিকা রোডের জহুর আহম্মদ চৌধুরী স্টেডিয়াম থেকে সাগরিকা রাস্তার মোড় পর্যন্ত রাস্তার উভয় পাশের ফুটপাত ও নালার উপর থেকে শতাধিক অবৈধ স্থাপনা ও দোকানপাট উচ্ছেদ করা হয়। এই সময় ফুটপাতের উপর অবৈধভাবে পেলোডার ও স্কেভেটর রেখে জনদুর্ভোগ সৃষ্টির দায়ে শাহে আমানত এন্ড কোং-কে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। একই অভিযানে সাগরিকা রোড থেকে জাল টিন প্লেইট ব্যবহারের দায়ে ১৫টি রিক্সাকে ও টিন প্লেইট বিহীন ১৩টি সহ মোট ২৮টি রিক্সা জব্দ করে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ভ্রাম্যমান আদালত। অবৈধ রিক্সার বিরুদ্ধে অভিযান নিয়মিত পরিচালিত হবে।
অভিযানকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাউন্সিলর মোরশেদ আকতার চৌধুরী, সংশিষ্ট বিভাগের কর্মকর্তা ও কর্মচারীগণ এবং সিএমপি পুলিশ ম্যাজিষ্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

‘ইয়ং বাংলা’র সেন্টার ফর রিসার্চ এন্ড ইনফরমেশন অনুষ্ঠানে- মেয়র বাংলাদেশ কারো কথায় দাক্ষিণ্যে অর্জিত হয় নি

চট্টগ্রাম- ২৪ সেপ্টেম্বর ২০১৮

সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ আজ দুর্বার গতিতে এগিয়ে চলেছে। উন্নয়নের কয়েকটি সূচকে বাংলাদেশ আজ উপরের সারিতে অবস্থান করছে। এই দেশটি কারো দয়ায় বা দাক্ষিণ্যে অর্জিত হয়নি। আজ সোমবার দুপুরে সিআরবি শিরীষ তলায় ‘ইয়ং বাংলা’র সেন্টার ফর রিসার্চ এন্ড ইনফরমেশন কর্তৃক আয়োজিত লেটস টক শীর্ষক অনুষ্ঠানে প্যানেল আলোচকের বক্তব্যে সিটি মেয়র এসব কথা বলেন।মেয়র বলেন স্বাধীনতা অর্জনের পেছনে দীর্ঘ ত্যাগ,সংগ্রামের ইতিহাস আছে। সকল মানুষের মুখে হাসি ফোটানো,সকল মানুষের মৌলিক অধিকার নিশ্চিত করার লক্ষ্যে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে বাঙালি মুক্তিযুদ্ধের মাধ্যমে এই দেশ স্বাধীন করেছে। একটি অসম্প্রাদায়িক রাষ্ট্র গঠনই ছিল বঙ্গবন্ধুর স্বপ্ন। ১৫ই আগষ্ট বঙ্গবন্ধুকে হত্যা করা হয় । শুরু হয় ষড়যন্ত্রের রাজনীতি আর সম্প্রদায়িক বিষবাস্প । চলতে থাকে

পাকিস্তানী কায়দায় শাসননীতি। এই সাম্প্রদায়িক শক্তিই বিভিন্ন অপরাজনীতি,ষড়যন্ত্রের মাধ্যমে এ দেশকে পেছনের দিকে নিয়ে যেতে চায়। আজ দেশের প্রতিটি মানুষকে এই সত্য উপলব্ধি করতে হবে। মেয়র আরো বলেন বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রীর নেতৃত্বে দেশ আজ যে জায়গায় উন্নীত হয়েছে, তা বলে শেষ করা যাবে না। বিশ্বে আজ বাংলাদেশ উন্নয়নের রোল মডেল। দেশের এই উন্নয়ন অগ্রগতি অব্যাহত রাখতে সরকারের ধারাবাহিকতা অক্ষুন্ন রাখতে হবে। উন্নয়ন,অগ্রগতির জন্য রাজনৈতিক স্থিতিশীলতা গুরুত্বপূর্ণ একটি বিষয় বলে তিনি উল্লেখ করেন। এই প্রসঙ্গে তিনি বর্তমান প্রজন্মকে উদ্দেশ্য করে বলেন, ইয়ং বাংলা সংগঠনটি দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে এই সেবামূলক কাজ করে যাচ্ছে। বাঙালি জাতীয়তাবাদী চেতনায় প্রণোদিত হয়ে এ সংগঠন দেশের জন্য কাজ করে যাচ্ছে। দেশের স্বার্থকে সবকিছুর উর্ধে প্রাধান্য দিয়ে ত্যাগ স্বীকার করার মানসিকতা নিয়ে ইয়ং বাংলা দৃষ্টান্ত স্থাপন করেছে। তিনি নতুন প্রজন্মকে পিতামাতার প্রতি দায়িত্বশীল আচরণ ও কর্তব্যের ব্যাপারে সচেতন হওয়ার আহবান জানান। অনুষ্ঠানে আলোচকের বক্তব্যে মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপারেশন) আমেনা বেগম বলেন, এই নগরে প্রতিদিন প্রায় ১ লাখ শিশু-কিশোর বাজারে যায়। ক্ষেত্র বিশেষে তাদের মাধ্যমেই প্রায় ৫ লাখ পলিথিন ব্যাগ বিভিন্ন ভাবে খাল,নালায় এসে পড়ে। অথচ এই পলিথিন অপচনশীল। খাল,নালায় পলিথিন ব্যাগ ফেলার কারণে পানির স্বাভাবিক গতি প্রবাহ নষ্ট হয়। নগরে জলাবদ্ধতা সৃষ্টির জন্য এই পলিথিন ব্যাগ অনেকাংশেই দায়ী। তিনি আয়োজকদেরকে পলিথিন ব্যাগ ব্যবহার বন্ধ করার ব্যাপারে কাজ করার আহবান জানান। আলোচনায় সংরক্ষিত আসন সাংসদ ওয়াসিকা আয়েশা খানম, সমাজসেবা অধিদপ্তর উপ পরিচালক ফরিদুল ইসলাম, চট্টগ্রাম অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) হাবিবুর রহমান, চট্টগ্রাম চেম্বার পরিচালক অহিদ সিরাজ চৌধুরী স্বপন, অধ্যাপক জসিম প্রমুখ উপস্থিত ছিলেন।

আগামী ১লা অক্টোবর থেকে চট্টগ্রাম নগরে শুরু হচ্ছে জাতীয় কৃমি নিয়ন্ত্রন সপ্তাহ

চট্টগ্রাম- ২৪ সেপ্টেম্বর ২০১৮

আগামী ১ অক্টোবর ২০১৮ থেকে সপ্তাহব্যাপি জাতীয় কৃমি নিয়ন্ত্রন সপ্তাহ ও ক্ষুদে ডাক্তার কর্তৃক শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম ২০১৮ শুরু হবে। এই কর্মসূচির আওতায় নগরের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ৫-১৬ বছর সকল ছাত্র-ছাত্রী ও অন্যান্য শিশুদের কৃমি নাশক ট্যাবলেট খাওয়ানো,একই সময়ে ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা করা এবং ৫-১৬ বছর বয়সী পথ শিশু, কর্মজীবী শিশু, বিদ্যালয় হতে ঝড়ে পড়া সকল শিশুকে বিদ্যালয়ে উপস্থিতির মাধ্যমে ঔষধ সেবনের আওতায় আনা হবে। এই উপলক্ষে আজ সোমবার সকালে আলকরণস্থ চসিক জেনারেল হাসপাতাল সম্মেলন কক্ষে এ্যাডভোকেসী ও পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরীর সভাপতিত্বে স্বাস্থ্য শিক্ষা স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান কাউন্সিলর নাজমুল হক ডিউক প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোহাম্মদ আলী, এমও ইনচার্জ ডাঃ নাছিম ভূইঁয়া, ডাঃ আশিষ কুমার মুখার্জী, ডাঃ আরপি আসিফ খান, ডাঃ তৌহিদুল আনোয়ার খান, কনসালটেন্ট (শিশু) ডাঃ সুশান্ত বড়ুয়া, মেডিকেল অফিসার সিভিল সার্জন কার্যালয় ডাঃ নুরুল হায়দার, বিশ্ব স্বাস্থ্য সংস্থার সার্ভিল্যান্স এন্ড ইম্যুনাইজেশন মেডিকেল অফিসার ডাঃ আরাফাত উল আলম, জোনাল মেডিকেল অফিসার ডাঃ মোঃ ইমাম হোসেন রানা, ডাঃ মোঃ রফিকুল ইসলাম, ডাঃ তপন কুমার চক্রবর্তী, ডাঃ হাসান মুরাদ চৌধুরী, ডাঃ মুজিবুল আলম চৌধুরী, ডাঃ সুমন তালুকদার, মেডিকেল অফিসার ডাঃ রাজিব বিশ্বাস, বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) কার্য্যালয় পরিসংখ্যান কর্মকর্তা মোঃ কামরুল আনোয়ার, থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোঃ জিয়াউল হুদা সিদ্দিকী, মোঃ আরিফুর রহমান ও শামসুল আরেফিন। সভা পরিচালনা করেন ভ্যাকসিনেশোন ইনচার্জ মোঃ আবু ছালেহ। প্রধান অতিথির বক্তব্যে কাউন্সিলর নাজমুল হক ডিউক বলেন কৃমি পুষ্টিহীনতা ও রক্ত শুন্যতা সৃষ্টি করে। শিশুর জীবনকে বিপন্ন করে তোলে। বিশ্বের উন্নয়নশীল দেশের অনেক শিশুই কৃমিতে আক্রান্ত। তবে এর মধ্যে স্কুলগামী ৫-১৬ বছর বয়সী শিশুরাই সচরাচর পেটের কৃমি দ্বারা সর্বাধিক আক্রান্ত হয়। ফলে শিশুর স্বাভাবিক বিকাশ ও পিত্তস্থলে নেতিবাচক প্রভাব পড়ে বলে তিনি উল্লেখ করেন। সভাপতি বক্তব্যে ডা. সেলিম আকতার চৌধুরী বলেন, কৃমি একটি সংক্রমক ব্যাধি। পরিস্কার-পরিচ্ছন্নতার অভাবে কৃমিতে আক্রান্ত হয়। তাই সকলের উচিত পরিস্কার পরিচ্ছন্ন থাকা। এই প্রসঙ্গে সভাপতি আরো বলেন, পায়খানা করার পর সাবান দিয়ে হাত ভালোভাবে ধুয়ে নিতে হবে। কৃমির

ট্যাবলেট খাওয়ার ক্ষেত্রে পরিবারের সবাইকে একসাথে এবং ভরা পেটে খাওয়া, অসুস্থ শিশুদের খাওয়ানোর পূর্বে ডাক্তারদের পরামর্শ দেয়া উচিত।

সিঙ্গাপুর ব্যাংকক মার্কেটের ঈদ বিক্রয় উৎসব
মেগা ড্র'র পুরষ্কার বিতরনী অনুষ্ঠানে মেয়র

চট্টগ্রাম- ২৪ সেপ্টেম্বর ২০১৮

গতকাল রবিবার সন্ধ্যায় নগরীর আগ্রাবাদে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত সিঙ্গাপুর ব্যাংকক মার্কেট দোকান মালিক ব্যবসায়ী সমিতি আয়োজিত ঈদ বিক্রয় উৎসব মেগা ড্র ২০১৮'র পুরষ্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয় । এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন সিটি মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন । সমিতির সভাপতি আলহাজ্ব মো. রফিক মিয়ার সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক আলহাজ্ব মো. নাজিম উদ্দিনের সঞ্চালনায় অনুষ্ঠিত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সহ সভাপতি আলতাফ হোসেন বাচ্চু, চসিক কাউন্সিলর জাহাঙ্গীর আলম চৌধুরী, কাউন্সিলর আলহাজ্ব এইচ এম সোহেল, নাজমুল হক ডিউক, প্রতিষ্ঠাতা সভাপতি আলহাজ্ব ইমাম বক্স, সাংগঠনিক সম্পাদক মো. আরিফসহ প্রমুখ বক্তব্য রাখেন। অনুষ্ঠানে সিঙ্গাপুর ব্যাংকক মার্কেট দোকান মালিক ব্যবসায়ী সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। প্রধান অতিথির বক্তবে মেয়র বলেন,প্রায় ২৫ কোটি টাকা ব্যয়ে ৫ম তলা পর্যন্ত সিঙ্গাপুর ব্যাংকক মার্কেটেকে আধুনিক, কেন্দ্রীয় ভাবে শীতাতপ নিয়ন্ত্রিত মার্কেটে উন্নীত করে যাবতীয় সুযোগ সুবিধা নিশ্চিত করা হচ্ছে। এ প্রসঙ্গে তিনি আরো বলেন ২০১৯ সালের মধ্যে ৩০ কোটি টাকা ব্যয়ে ৬ষ্ঠ তলা থেকে ১১ তলা পর্যন্ত চট্টগ্রামে প্রথম হাইটেক পার্ক নির্মাণ করা হবে। মেয়র গ্রিন ও ক্লিন সিটি বাস্তবায়নে চট্টগ্রাম নগরীকে পরিচ্ছন্ন, সবুজায়নে সকলের সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলোয়াত এবং প্রধান অতিথিসহ সকল অতিথিদের ফুল ও ক্রেষ্ট দিয়ে বরণ করা হয়। পরে মেয়র ঈদ বিক্রয় উৎসবে মেগা ড্র এর বিজয়ীদের হাতে পুরষ্কার তুলে দেন।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন